

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ০৯/২০১৫

অভিযোগকারী : মিসেস নাজমা খাতুন পুস্পিতা
পিতা-মোঃ রহম আলী
স্টাফ রিপোর্টার
দৈনিক সরেজমিন বার্তা
৭৫ সিদ্দেশ্বরী সার্কুলার রোড
মালিবাগ, ঢাকা।

প্রতিপক্ষ : মেজর এ কে এম শাকিল নেওয়াজ
পরিচালক (অপা: ও মেইন)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৮-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী মিসেস নাজমা খাতুন পুস্পিতা ২১-০১-২০১৫ তার দাখিলকৃত ১৬১/২০১৪ নং অভিযোগের বিষয়ে মেজর এ কে এম শাকিল নেওয়াজ, পরিচালক (অপা: ও মেইন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এবং ব্রিগেডিয়ার জেনারেল আলী আহম্মদ খান, মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০-এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, তথ্য কমিশনে দায়েরকৃত ১৬১/২০১৪ নং অভিযোগের প্রেক্ষিতে চাহিত ১৯৭১ সনের মুক্তিযুদ্ধকালীন সময়ের কাগজপত্র প্রদান না করে পরিকল্পিতভাবে ২০০৫ ও ২০১৪ সনে সৃজিত অপ্রাসংগিক ২২ পৃষ্ঠা কাগজ সরবরাহ করে ৪৪/- টাকার স্থলে ১১৫/- টাকা সরকারী কোষাগারে গ্রহণ করা হয়েছে। তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রার্থিত তথ্য সরবরাহ করা হয়নি এবং নির্ধারিত তথ্য মূল্যের চেয়ে অতিরিক্ত অর্থ আদায় করা হয়েছে। এ প্রেক্ষিতে তিনি বিষয়টির প্রতিকার প্রার্থনা করে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৮-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। অনিবার্য কারণবশত শুনানীর তারিখ ১৮-০২-২০১৫ এর পরিবর্তে ২২-০২-২০১৫ তারিখ নির্ধারণ করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পক্ষে বিজ্ঞ আইনজীবী হাজির। প্রতিপক্ষের পক্ষে বিজ্ঞ আইনজীবী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সরকারি কাজে দেশের বাহিরে থাকায় পরবর্তী শুনানীর জন্য সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করা হয় এবং ১৮-০৩-২০১৫ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

০৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী মিসেস নাজমা খাতুন পুস্পিতা হাজির। প্রতিপক্ষ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরিচালক (অপা: ও মেইন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) মেজর এ কে এম শাকিল নেওয়াজ হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, পূর্বের ১৬১/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী তাকে সঠিক তথ্য সরবরাহ করা হয়নি এবং তথ্য মূল্য বেশী নির্ধারণ করেছেন। এ প্রেক্ষিতে তিনি পূর্ণাঙ্গ তথ্য পেতে এবং তথ্য মূল্য অধিক গ্রহণ করার বিষয়ে প্রতিকার চেয়ে পুনরায় তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

(অ: পৃ: দ্র:)

০৭। প্রতিপক্ষ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরিচালক (অপা: ও মেইন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারী যখন আবেদন করেছিলেন তিনি তখন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ছিলেন না। তৎকালীন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে সকল তথ্য সরবরাহ করেছেন। সরবরাহকৃত তথ্য ছাড়া তাদের কাছে আর কোন তথ্য নেই। ডাকযোগে এবং বিশেষ বাহক মারফৎ তথ্য দেয়ায় এবং প্রিন্টিং খরচসহ তথ্য মূল্য ধার্য করা হয়েছে। আইন সম্পর্কে যথাযথ ধারণা না থাকায় ভুলবশত অধিক তথ্য মূল্য গ্রহণ করা হয়েছে।

০৮। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ভুলবশত অধিক তথ্য মূল্য গ্রহণ করায় কমিশন অভিযোগকারীকে অতিরিক্ত ৭১ (একাত্তর) টাকা ফেরৎ প্রদানের জন্য নির্দেশনা প্রদান করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কমিশনের নির্দেশনা অনুযায়ী শুনানীকালে অতিরিক্ত গৃহীত ৭১ (একাত্তর) টাকা ফেরৎ প্রদান করেন। তবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে যে তথ্য সরবরাহ করা হয়েছে তা সঠিক মর্মে কমিশন মনে করেন।

পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, প্রতিপক্ষ অভিযোগকারীকে তথ্য সরবরাহ করেছেন কিন্তু আইন সম্পর্কে যথাযথ ধারণা না থাকায় তথ্য মূল্য বেশি ধার্য করেছেন। কমিশনের নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শুনানীকালেই অতিরিক্ত গৃহীত তথ্য মূল্য ৭১ (একাত্তর) টাকা ফেরৎ প্রদান করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহ করায় এবং অধিক তথ্য মূল্য ফেরৎ প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিতভাবে অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

যেহেতু, প্রতিপক্ষ অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন এবং তথ্য মূল্য বাবদ অতিরিক্ত গৃহীত অর্থ ফেরৎ দিয়েছেন, সেহেতু, অভিযোগটি খারিজপূর্বক নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার